

## সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১৫৫

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫৯. মোজার উপর মাসাহ করা

### باب الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، وَأَحْمَدُ بْنُ أَبِي شُعَيْبٍ الْحَرَّانِيُّ، قَالَا حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا دَلْهَمُ بْنُ صَالِحٍ، عَنْ حُجَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ ابْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّجَاشِيَّ، أَهْدَى إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خُفَّيْنِ أَسْوَدَيْنِ سَازَجَيْنِ فَلَبِسَهُمَا ثُمَّ تَوَضَّأَ وَمَسَحَ عَلَيْهِمَا

– حسن

قَالَ مُسَدَّدٌ عَنْ دَلْهَمِ بْنِ صَالِحٍ . قَالَ أَبُو دَاوُدَ هَذَا مِمَّا تَفَرَّدَ بِهِ أَهْلُ الْبَصْرَةِ

বাংলা

১৫৫। ইবনু বুরাইদাহ (রহঃ) হতে তাঁর পিতার সূত্রে বর্ণিত। একদা (আবিসিনিয়ার বাদশাহ) নাজ্জাশী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে একজোড়া কালো মোজা উপহার পাঠান। তিনি মোজাদ্বয় পরিধান করেন এবং অযুর সময় ওগুলোর উপর মাসাহ করেন। [1]

হাসান।

মুসাদ্দাদ (রহঃ) এটি দালহাম ইবনু সালিহ (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন। ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, এ হাদীসটি কেবলমাত্র বাসরাহ'র বর্ণনাকারীগণই বর্ণনা করেছেন।

## English

Narrated AbuMusa al-Ash'ari:

Negus presented to the Messenger of Allah (ﷺ) two black and simple socks. He put them on; then he performed ablution and wiped over them.

Musaddad reported this tradition from Dulham b. Salih.

Abu Dawud said: This tradition has been narrated by the people of Basrah alone.

### ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ আদাব, ২৮২০, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান। আমরা এটি বেল দালহামের হাদীস থেকেই জেনেছি। যা দালহাম সূত্রে মুহাম্মাদ ইবনু রবী'আহ বর্ণনা করেছেন। এছাড়াও 'শামায়িলি মাহমুদিয়াহ হাঃ ৭১), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মোজার উপর মাসাহ করা সম্পর্কে, হাঃ ৫৪৯ এবং অধ্যায়ঃ পোশাক-পরিচ্ছদ, হাঃ ৩৫২০), আহমাদ (৫/৩৫২) এবং আবুশ শায়খ (১৪২)। সকলেই দালহাম ইবনু সালিহ সূত্রে। দালহাম ইবনু সালিহ দুর্বল, যেমনঃ 'আত-তাকরীব' গ্রন্থে রয়েছে। আর হুজাইর ইবনু 'আব্দুল্লাহ মাকবুল। হাদীসটির আর একটি সূত্র রয়েছে আবুশ শায়খ (১৪২) মুহাম্মাদ ইবনু মিরদাস আল-আনসারী থেকে, তিনি বলেন, আমাদেরকে হাদীস বর্ণনা করেছেন জুরাইরী 'আব্দুল্লাহ ইবনু বুরাইদাহ সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57473>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন